

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯৯.০৩৯.২৩ নথির বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন নামা শ্যামপুর, বাঁশেরপুল, পলাশপুর, উত্তর রায়েরবাগ, গোবিন্দপুর, মুরাদপুর, জুরাইন, পূর্ব ধোলাইপাড় ও তৎসংলগ্ন এলাকায় বিভিন্ন পানির পাম্প সমূহে ডেঙ্গু প্রতিরোধের জন্য কীটনাশক স্প্রে, বালু ভরাট এবং আগাছা পরিষ্কার করণ কাজ।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৭ এর আওতাধীন নামা শ্যামপুর, বাঁশেরপুল, পলাশপুর, উত্তর রায়েরবাগ, গোবিন্দপুর, মুরাদপুর, জুরাইন, পূর্ব ধোলাইপাড় ও তৎসংলগ্ন এলাকায় বিভিন্ন পানির পাম্প সমূহে ডেঙ্গু প্রতিরোধের জন্য কীটনাশক স্প্রে, বালু ভরাট এবং আগাছা পরিষ্কার করণ কাজ।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২/৮/২৩ ১২:৩৭ অপরাহ্ন

মডস জোন-৭ এর আওতাধীন নামা শ্যামপুর, বাঁশেরপুল, পলাশপুর, উত্তর রায়েরবাগ, গোবিন্দপুর, মুরাদপুর, জুরাইন, পূর্ব ধোলাইপাড় পানির পাম্পের দুই পার্শ্বের রাস্তা আর.সি.সি. ঢালাই করে উঁচু করায় উক্ত পাম্প কম্পাউন্ড অনেক নিচু হয়ে গেছে। ফলে বর্তমান সময়ে একটু বৃষ্টি হলেই উক্ত পাম্প কম্পাউন্ড সমূহে পানি জমে যায় এবং এর ফলে অনেক গর্ত সৃষ্টি হয়েছে। ফলে উক্ত স্থানে এডিস সহ অন্যান্য মশা ডিম পাড়ার সম্ভাবনা রয়েছে বিধায় উক্ত পাম্প কম্পাউন্ডের নিচু জায়গা সমূহে বালু ভরাট করা প্রয়োজন। অন্যথায় এসকল পাম্প কম্পাউন্ডের নিচু স্থানে পানি জমে মশার উপদ্রব বেড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। এতদ্ব্যতীত উক্ত পাম্প কম্পাউন্ডে মশার লার্ভা নিধনের জন্য কীটনাশক স্প্রে করা প্রয়োজন। উল্লেখিত উক্ত পাম্প কম্পাউন্ড সমূহে বিদ্যমান ঝোপঝাড় ও আগাছা সমূহ পরিষ্কার করা প্রয়োজন। সম্প্রতি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক ডিজিলাস টিম ঢাকা ওয়াসার বিভিন্ন মডস জোন এর আওতাধীন পাম্প সমূহ পরিদর্শন করে পর্যবেক্ষণ করছে কোথাও এডিস মশার লার্ভা আছে কিনা। কাজেই জরুরি ভিত্তিতে নামা শ্যামপুর, বাঁশেরপুল, পলাশপুর, উত্তর রায়েরবাগ, গোবিন্দপুর, মুরাদপুর, জুরাইন, পূর্ব ধোলাইপাড় পানির পাম্প কম্পাউন্ডে কীটনাশক স্প্রে, বালু ভরাট ও বিদ্যমান ঝোপঝাড় ও আগাছা সমূহ পরিষ্কার করা প্রয়োজন। চলমান ডেঙ্গু মহামারীর প্রসঙ্গ বিবেচনায় রেখে জনস্বার্থে উল্লেখিত কাজগুলো জরুরী ভিত্তিতে করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২/৮/২৩ ১২:৫১ অপরাহ্ন

উল্লেখিত কাজগুলো বাস্তবায়নের লক্ষ্যে, ঢাকা ওয়াসার অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট ব্যয়ভার দাঁড়িয়েছে ৪৮,৬৯৬.০০/- (আটচল্লিশ হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র। উক্ত ব্যয়ভার ২০২৩-২০২৪ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার Package No: 14.8 হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০০৮ এর ধারা ৭৬/১(ট) অনুযায়ী ডি.পি.এম পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ" এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে।


সংযুক্তিসমূহ (৪):

- ১। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।
- ২। প্রস্তাবিত কাজের প্রতিবেদন।
- ৩। পূর্বানুমোদিত দরের কপি।
- ৪। অনুমোদিত ২০২৩-২৪ইং অর্থ বছরের কর্ম-পরিকল্পনার কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২/৮/২৩ ১২:৫৬ অপরাহ্ন

এমতাবস্থায়, "মডস জোন-৭ এর আওতাধীন নামা শ্যামপুর, বাঁশেরপুল, পলাশপুর, উত্তর রায়েরবাগ, গোবিন্দপুর, মুরাদপুর, জুরাইন, পূর্ব ধোলাইপাড় ও তৎসংলগ্ন এলাকায় বিভিন্ন পানির পাম্প সমূহে ডেঙ্গু প্রতিরোধের জন্য কীটনাশক স্প্রে, বালু ভরাট এবং আগাছা পরিষ্কার করণ কাজ" সংক্রান্ত অতি জরুরী কাজটি দ্রুত বাস্তবায়ন করার লক্ষ্যে, প্রস্তাবিত ব্যয়ভার ৪৮,৬৯৬.০০/- (আটচল্লিশ হাজার ছয়শত ছিয়ানব্বই) টাকা মাত্র এর সদয় অনুমোদন দেয়া যেতে পারে এবং পি.পি.আর-২০০৮ এর ধারা ৭৬/১(ট) অনুযায়ী ডি.পি.এম পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান "মেসার্স রাফিউ এন্টারপ্রাইজ" এর সাথে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে সম্পন্ন করার অনুমতি প্রদান করা যেতে পারে। আলোচ্য ব্যয়ভার অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

			
২/৮/২৩ ১২:৫৬ অপরাহ্ন মোঃ নাজিম হোসেন উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২/৮/২৩ ১:০৪ অপরাহ্ন মোঃ আশরাফ উদ্দিন সহকারী প্রকৌশলী মডস জোন-৭	২/৮/২৩ ২:১০ অপরাহ্ন মোঃ শাহ আলম নির্বাহী প্রকৌশলী মডস জোন-৭	২/৮/২৩ ২:১০ অপরাহ্ন মোঃ কামরুল হোসেন প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২/৮/২৩ ৪:৫৩ অপরাহ্ন

অনুমোদিত

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা




২/৮/২৩ ৪:৫৪ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২/৮/২৩ ৪:৫৪ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ২/৮/২৩ ৫:০৪ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.3



২/৮/২৩ ৫:০৫ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

২/৮/২৩ ৫:০৫ অপরাহ্ন
মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা